

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৭২৪

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّفَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সমস্ত উপায়-উপকরণে আল্লাহর উপর ভরসা করে, তার উপর জান্নাত অবধারিত হওয়া মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى إِجَابِ الْجَنَّةِ لِمَنْ تَوَكَّلَ عَلَى اللَّهِ تَعَالَى فِي جَمِيعِ أَسْبَابِهِ

আরবী

724 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ بْنُ الْأَشْعَثِ بِسَمَرْقَنْدَ وَيَعْقُوبُ بْنُ يُوسُفَ بِبُخَارَى قَالَا: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى بْنُ حَيَّانَ حَدَّثَنَا شُعَيْبُ بْنُ حَرْبٍ عَنْ عُثْمَانَ بْنِ وَاقِدٍ عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (دَخَلْتُ أُمَّةَ الْجَنَّةِ بِقَضِيَّتِهَا وَقَضِيَّتِهَا كَانُوا لَا يَكْتَوُونَ وَلَا يَسْتَرْقُونَ وَعَلَى رَبِّهِمْ يَتَوَكَّلُونَ) الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 724 | خلاصة حكم المحدث: ضعيف جداً.

বাংলা

৭২৪. আবু হুরাইরা রাদিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “একটা জাতির সবাই জান্নাতে প্রবেশ করেছে; তাঁরা শরীরে দাগ লাগাতো না, ঝাড়ফুক দিয়ে নিতো না; বরং তাঁরা কেবল আল্লাহর উপরই ভরসা করতো।” [1]

ফুটনোট

[1] আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে য'ঈফ বলেছেন। কিন্তু আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু তা'আলা আনহু থেকে সহীহ আল বুখারীতে (নং ৫৭৫২), সহীহ মুসলিমে (নং ২২০) সমর্থক হাদীস রয়েছে। (বিস্তারিত, ফাতহুল বারী: ১০/২১১, ১১/৪০৮-৪১০।) আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে অত্যন্ত দুর্বল বলেছেন। (আয য'ঈফা: ৪৬১৩।)

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89226>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন